

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 কারিগরি শিক্ষা অধিদপ্তর
 শাখা- ০৩ (পলিটেকনিক)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১২.১১.০৩৬.২১- ৬৭১

তারিখ: ২২ ডান্ড, ১৪২৮ বঙ্গাব্দ
০৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৭৬.০১.০১০.১৫- ৮৪৫, তারিখ: ১০ জুলাই, ২০১৯ এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের ৫৭.০৩.০০০০.০১২.১১.০৩৬.২১- ৫০২, তারিখ: ৩০ জুন, ২০২১ নম্বর নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সুপারিশক্রমে নিয়বর্ণিত প্রার্থীদেরকে স্থায়ী রাজস্বাত্বভুক্ত স্টেলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে জাতীয় বেতন ক্ষেত্রে ২০১৫ অনুযায়ী ১৩তম গ্রেডের টাকা ১১০০০-২৬৫৯০/- বেতনক্রমে এবং সরকার অনুমোদিত অন্যান্য সুবিধাদিতে নিয়ন্ত্রিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

ক্রঃ নং	প্রার্থীর রোল নং	প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম এবং জন্ম তারিখ	স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত প্রতিষ্ঠানের নাম
১.	১৪০০০২০৬	জনাব আনিষুর রহমান পিতা- আইয়ুব আলী মাতা- আবেদা বেগম জন্ম তারিখ: ১২/০৬/১৯৯৩	গ্রাম: পূর্ব বালাগ্রাম ডাকঘর- বালাগ্রাম উপজেলা-জলঢাকা জেলা- নীলফামারী	কারিগরি শিক্ষা অধিদপ্তর

২. এ আদেশ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

শর্তসমূহ:

- (ক) সরকারি বিধি মোতাবেক চাকুরীতে তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।
- (খ) যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক ডোপটেস্টসহ স্বাস্থ্য পরীক্ষার সনদের মূলকপি জমা প্রদান করতে হবে।
- (গ) সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট প্রাপ্তির পর “কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০” এর বিধি ৬ এর (৩)(ক) ও (৫) মোতাবেক চাকুরী স্থায়ী করা হবে।
- (ঘ) পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে এবং প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য পরবর্তীতে অসত্য/ভুয়া প্রমাণিত হলে অথবা নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে নিয়োগ যোগ্যতার সাথে শিক্ষাগত যোগ্যতা সংগতিপূর্ণ না হলে “কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০” এর বিধি ৬ এর (১)(ক), (২)(ক) এবং (৩)(খ) এর (অ) মোতাবেক তার নিয়োগ আদেশ বাতিল হবে।
- (ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ বিষয়সমূহে সরকারের প্রচলিত আদেশ এবং বিধি-বিধান প্রযোজ্য হবে।
- (চ) নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ১৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ে নিয়োগকৃত প্রতিষ্ঠান প্রধানের নিকট যোগদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে তার এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- (ছ) যোগদানকালে প্রার্থীকে অবশ্যই চাকরির আবেদনপত্র (Applicant's Copy), প্রবেশপত্র, ০২ (দুই) কপি রঞ্জিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, নাগরিকতা সনদ, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, প্রাধিকার কোটায় সুপারিশকৃত প্রার্থীদের প্রাধিকার কোটার স্বপক্ষে (এতিম/প্রতিবন্ধী, মুক্তিযোক্তা, ক্ষুদ্র-নৃগোষ্ঠী এবং আনসার-ডিভিপি) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি জমা দিতে হবে।
- (জ) চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

স্বাক্ষরিত/-

(মোঃ মাহমুদুল হক)


যুগ্ম সচিব

ও

পরিচালক (পলিটেকনিক/পিআইডব্লিউ)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (কারিগরি) প্রশাসন ও উন্নয়ন, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নয়ন/ভোকেশনাল/পিআইডিইউ/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. উপমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অধক্ষ, -----, পলিটেকনিক ইনসিটিউট-----।
৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, -----।
১০. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----।
১১. সহকারী পরিচালক (১/২/৪/৫/৬/৭/৮/৯/১০/১১), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. মহাপরিচালকের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।]
১৪. প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৫. জনাব.....।
১৬. সংরক্ষণ নথি।



(মো: জাহেদুল করিম খান)
সহকারী পরিচালক